

লেখাপড়া জানা ছেলেমেয়েরা শিক্ষকতায় আসছে না : শিক্ষা সচিব

নিজস্ব প্রতিবেদক ▶

দেশের শিক্ষা ক্ষেত্রে পযুক্ত সুযোগ-সুবিধা ও উপযুক্ত পরিবেশের অভাবে ভালো লেখাপড়া জানা ছেলেমেয়েরা এখন আর শিক্ষকতা পেশায় আসছে না বলে মন্তব্য করছেন শিক্ষাসচিব ড. কামাল আব্দুল নাসের চৌধুরী। গতকাল রাজধানীর কারওয়ান বাজারে ইংরেজি দৈনিক ডেইলি স্টার মিলনায়তনে আয়োজিত এক সেমিনারে তিনি এ মন্তব্য করেন। ডেইলি স্টার ও রবি আজিয়াটা যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে।

কামাল আব্দুল নাসের চৌধুরী বলেন, 'মাধ্যমিক পর্যায়ে ইংরেজি শিক্ষার প্রসারের জন্য বহু উদ্যোগ নেওয়া হয়েছে। ইংরেজি শেখানোর জন্য বহু মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত ইংরেজি ক্লাস নেওয়ার ব্যবস্থাও করা হয়েছে। শিক্ষকদের সক্ষমতা ও উপযুক্ত পরিবেশের অভাবে বেশির ভাগ উদ্যোগ সাফল্যে মুখ দেখেনি। আর এ ব্যর্থতার পেছনের কারণ হলো—ভালো লেখাপড়া জানা ছেলেমেয়েরা এখন আর শিক্ষকতা পেশায় আসছে না। একটু ভালো পড়াশোনা জানলে তারা আরো ভালো পেশায় চলে যাচ্ছে।

ইংরেজি শেখার জন্য 'কমিউনিকেশন ইংলিশ' ব্যবহারের ওপর জোর দেওয়ার আহ্বান জানিয়ে শিক্ষাসচিব বলেন, শিক্ষার গুণগতমান বৃদ্ধির জন্য সবার আগে দরকার শিক্ষার উপযুক্ত পরিবেশ নিশ্চিত করা। ভালো পরিবেশের অভাবে যেকোনো পরিকল্পনা ভেঙে যেতে পারে। তা ছাড়া শুধু দেশের কিছু নির্দিষ্ট এলাকায় ইংরেজি শেখার ব্যবস্থা করলে চলবে না। যে ছেলেটি কুড়িগ্রামে আছে, তাকেও সমপরিমাণ সুযোগ-সুবিধা দেওয়ার চেষ্টা করতে হবে।

তবেই এ ধরনের কর্মসূচির সফলতা আসতে পারে।

সেমিনারে আরো বক্তব্য দেন ডেইলি স্টারের ব্যবস্থাপনা সম্পাদক ড. সালাহউদ্দিন আহমেদ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক মনীন্দ্রনাথ রায়, রবি আজিয়াটা লিমিটেডের প্রধান মানবসম্পদ কর্মকর্তা মতিউল ইসলাম নওশাদ, সিএসআর অ্যান্ড স্পন্সরশিপ সিস্টেমের ডাইরেক্টর প্রেসিডেন্ট মজিবউদ্দিন বাবর, বেলেটার সভাপতি ড. আরিফা রহমান ও ক্যাম্পের উপপরিচালক তাসনিম আতহার প্রমুখ।